

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.৯০০.০৫.৩৫১.১৬.

৭২৮৭

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪২৩
২৩ নভেম্বর ২০১৬

বিষয়: ডিভিডিতে রাইটকৃত প্রাথমিক শিক্ষা কন্টেন্টসমূহ বিদ্যালয় পর্যায়ে বিতরণ ও ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

তথ্য ও যোগযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ব্র্যাক ও সেভ দ্যা চিলডেন এর কারিগরি সহায়তায় প্রণীত প্রাথমিক শিক্ষা পর্যায়ের বাংলা, ইংরেজী, গণিত, প্রাথমিক বিজ্ঞান এবং বাংলাদেশ ও বিশ্ব পরিচয় বিষয়ের ১ম থেকে ৫ম শ্রেণির পাঠ্য পুস্তকের ইটার-অ্যাক্টিভ ডিজিটাল কন্টেন্টসমূহ সম্পন্ন করে ডিভিডিতে রাইট করা হয়েছে। রাইটকৃত এসকল ডিভিডি বিদ্যালয় পর্যায়ে বিতরণ ও ব্যবহার নিশ্চিতকরণ করা প্রয়োজন। যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ইতোমধ্যে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণ করা হয়েছে এবং আইসিটি প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক রয়েছে কেবল সেসকল বিদ্যালয়েই বর্ণিত ডিভিডিসমূহ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তদনুযায়ী প্রতি বিদ্যালয়ে ১-সেট ডিভিডি (১ম থেকে ৫ম শ্রেণির জন্য ৫টিতে ১সেট) উপজেলা শিক্ষা কর্মকর্তার মাধ্যমে বিতরণ ও ব্যবহার নিশ্চিতকরণ করা প্রয়োজন। এতদ্ব্যতীত, পিটিআইতে ১২দিনের আইসিটি প্রশিক্ষণ এবং ইউআরসিতে বিষয় ভিত্তিক প্রশিক্ষণের সময় ডিভিডিগুলো ব্যবহারের কলা-কৌশল সম্পর্কে শিক্ষকদের সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে পিটিআইসমূহে ১-সেট এবং ইউআরসিগুলোতে ১-সেট করে ডিভিডি বিতরণ করা প্রয়োজন। এছাড়া, ডিভিডিসমূহ বিদ্যালয় পর্যায়ে ব্যবহার নিশ্চিতকরণের জন্য উপজেলা শিক্ষা অফিসসমূহে ১-সেট করে ডিভিডি প্রদান আবশ্যিক। উল্লেখ্য, ইতোমধ্যে, ২৭টি বিদ্যালয়ে (পাইলটিং বিদ্যালয়ে) ১-সেট করে ডিভিডি বিতরণ করা হয়েছে।

২। বর্ণিতাবস্থায়, সংযুক্ত তালিকা অনুযায়ী বিভিন্ন অফিস/বিদ্যালয়ে বিতরণের জন্য ডিভিডিসমূহ প্রেরণ করা হলো। ডিভিডিসমূহ সংশ্লিষ্ট ডিপিইও অফিস, ইউইও অফিস, পিটিআই, ইউআরসি এবং মডেল স্কুলসমূহে ১-সেট করে এবং অবশিষ্ট ডিভিডিসমূহ ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রজেক্টর বিতরনকৃত বিদ্যালয়গুলোতে (বিদ্যালয়ের আইসিটি প্রশিক্ষণ পারফরম্যান্সের ভিত্তিতে) ১-সেট করে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিৎ বণ্ণনা মোতাবেক।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,

জেলা:।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (পারিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ আক্তার হোসেন, সহকারী প্রধান, তথ্য ও যোগযোগ প্রযুক্তি বিভাগ)।
- ২। পরিচালক(পলিসি এন্ড অপারেশন/প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (ঢাকা/ রাজশাহী/ খুলনা / চট্টগ্রাম/ সিলেট/ রংপুর) বিভাগ।
- ৫। পিটিআই সুপার, পিটিআই, জেলা:।
(আইসিটি প্রশিক্ষণে ডিভিডি থেকে কপি করে শিক্ষকদের বিতরণ করার অনুরোধসহ)
- ৬। উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা :, জেলা:।
- ৭। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, উপজেলা :, জেলা:।
(প্রতিটি বিষয়ভিত্তিক প্রশিক্ষণে ডিভিডি থেকে কপি করে শিক্ষকদের বিতরণ করার অনুরোধসহ)
- ৮। জনাব বি. এ. ওয়াহিদ নিউটন, কর্মসূচি ব্যবস্থাপক, ব্র্যাক, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২
- ৯। জনাব রুকসানা হোসেন, সিনিয়র ম্যানেজার, এডুকেশন সেন্টার, সেভ দ্যা চিলডেন, রোড-৪৩, গুলশান-২, ঢাকা-১২১১।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১২। অফিস কপি।

১/২৩.১১.২৪

মোঃ তসলীমুল ইসলাম

সিস্টেম ম্যানেজার (যুগ্মসচিব)

টেলিফোন- ৫৫০৭৪৯০৩

e-mail: taslimulislam@gmail.com